

বরিশালে ২০ শিক্ষা প্রতিষ্ঠানের বেতন ভাতা স্থগিত

বরিশাল ব্যুরো
 চীনা ও বছর এসএসসি পরীক্ষার ফলাফলে একজন শিক্ষার্থীও পাস না করায় বরিশাল শিক্ষা বোর্ডের আওতাধীন ২০টি স্কুল-মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতা স্থগিত করা হয়েছে। বরিশাল শিক্ষা বোর্ড সূত্রে এ তথ্য জানা গেছে। এই সূত্রে জানায়, জেলার ২০টি স্কুল-মাদ্রাসাকে চলতি মাসের প্রথম সপ্তাহে এ সংক্রান্ত নির্দেশ সফলিত চিঠি প্রদান করা হয়েছে। এই চিঠিতে প্যাসের হার শূন্য হওয়ার পরিপ্রেক্ষিতে মার্চ মাস থেকে শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা স্থগিত রাখার কথা বলা হয়েছে। চলতি বছর অনুরূপত্যা এসএসসি পরীক্ষায় ফলাফল ভাল করতে পারলে সেক্ষেত্রে তাদের বেতন ভাতা পুনরায় চালু করা হবে। অন্যথায় স্থায়ী পাণ্ডিত্যক ব্যবস্থা গ্রহণ করা হবে। বেতন ভাতা বন্ধ হয়ে যাওয়া ২০টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১৩টির নাম জানা গেছে। এগুলো হচ্ছে- দক্ষিণ রাজাপুর এফএম বাসিকা বিদ্যালয়, দৌলতাবান মাখিস মাদ্রাসা, কীটালিয়া জাহাঙ্গিরিয়া দাখিল মাদ্রাসা, থাকেরগঞ্জ মুনিরউদ্দিন মাধ্যমিক বিদ্যালয়, সৈয়দা শাহজাদী বেগম বাসিকা বিদ্যালয় মুহানী, বরগুনা সদর পিকে মাধ্যমিক বিদ্যালয়, ধাওয়া রানুশাশা অয়েশন সিদ্দিকা মাধ্যমিক বিদ্যালয়, বাউফল কেশবপুর বাসিকা বিদ্যালয়, পদ্মাচাঁপার দক্ষিণ চরবিশ্বাস মাধ্যমিক বিদ্যালয়, দশমিনার উত্তর আদমপুর বাসিকা বিদ্যালয়, জেলার চরসামাইয়া বাসিকা বিদ্যালয়, পদ্মাচাঁপার জা. আলোহাউদ্দিন মাধ্যমিক

বিদ্যালয় ও পিরোজপুরের মতুজা মাধ্যমিক বিদ্যালয়, উলুখা, গড়কাল বরিশাল শিক্ষা বোর্ডে অনুরূপ এক মতবিনিময় সভায় শিক্ষা প্রতিমন্ত্রী আনাম এছরানুল হক মিলন বেতন স্থগিত হওয়ার বিষয়টি প্রথম উল্লেখ করেন। পরে বোর্ডে বোঝা নিয়ে উল্লিখিত ২০ শিক্ষা প্রতিষ্ঠানের বেতন ভাতা স্থগিত হওয়ার বিষয়টি সম্বন্ধে নিশ্চিত হওয়া যায়।